রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

রাকাব-এর প্রতিশ্রুতি, শূন্যের কোঠায় দুর্নীতি।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

প্রধান কার্যালয়, রাজশাহী
সাধারণ সেবা বিভাগ

ফোন নং : ০২৪৭-৮৬০৫০২
ই-মেইল : dgmcsd@rakub.org.bd
ওয়েবসাইট : www.rakub.org.bd

সাসেবি- সার্কুলার নং-১/২০১৭ তারিখ: ১৯.০৯.২০১৭

বিষয়: নির্বাচিত কর্মকর্তাগণের দাপ্তারিক কাজে ব্যবহারের জন্য গ্রামীণফোনের Corporate SIM ব্যবহার নীতিমালা।

সরকারী মোবাইল ও টেলিফোন নীতিমালা অনুযায়ী বর্তমানে মহাব্যবস্থাপক ও তদুর্ধ পদ-মর্যাদাসম্পন্ন নির্বাহীবৃন্দের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য মোবাইল ফোনের SIM বরাদ্দ করা আছে। ব্যাংকের অন্যান্য কর্মকর্তাগণ নিজস্ব মোবাইল SIM ব্যবহার করে থাকেন এবং দাপ্তরিক কাজে উক্ত নম্বরে যোগাযোগ করা হয়ে থাকে। স্বভাবতঃই কর্মকর্তাগণের বদলী/পরিবর্তনের ফলে সংশ্লিষ্ট দাপ্তরিক কাজে যোগাযোগের ক্ষেত্রে অসুবিধার সৃষ্টি হয়। একইসাথে ব্যাংকের সাধারণ গ্রাহক/ষ্টেকহোল্ডার ব্যাংকিং সেবা সম্পর্কিত তথ্য পেতে সমস্যার সম্মুখীন হয়ে থাকেন। উপর্যুক্ত বিষয়াবলী বিবেচনায় নিয়ে প্রধান কার্যালয়ের সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয়/ইউনিট/সেল প্রধান, সকল স্টাফ অফিসার ও চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অধ্যক্ষ প্রশিক্ষণ ইনষ্টিটিউট, সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল জোনাল ব্যবস্থাপক, সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, জনসংযোগ কর্মকর্তা এবং সকল শাখা ব্যবস্থাপককে দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য SIM বরাদ্দ দেয়া, সংশ্লিষ্ট দপ্তর/কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক উক্ত SIM ব্যবহার সহ SIM এর ব্যয় নির্বাহ করা, শাখা ব্যবস্থাপকের জন্য বরাদ্দকৃত SIM নম্বর সংশ্লিষ্ট শাখার সাইনবোর্ডে প্রদর্শন, এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বদলী/ অবসর/ বরখাস্ত/ চাকুরিচ্যুত ইত্যাদির ক্ষেত্রে বরাদ্দকৃত SIM সংশ্লিষ্ট অফিসে জমা দিতে হবে মর্মে পরিচালনা পর্ষদ কর্তৃক সিদ্ধান্ত প্রদান করা হয়।

০২। বর্তমানে বাংলাদেশে গ্রামীণফোন, রবি, এয়ারটেল, টেলিটক, বাংলালিংক ইত্যাদি মোবাইল অপারেটর চালু রয়েছে। নেটওয়ার্ক কভারেজ, ভয়েস কোয়ালিটি, ডাটা স্পিড, আফটার সেলস সার্ভিস, গ্রাহক সেবা, বিভিন্ন ভয়েস ও ডাটা অফার এবং সাশ্রয়ী মূল্যে স্বাস্থ্য সেবার সুযোগ বিবেচনায় অন্যান্য মোবাইল অপারেটরের তুলনায় গ্রামীণফোনের সেবা উন্নত। জানা গেছে রাকাবের কর্ম এলাকার সকল স্থানেই গ্রামীণফোনের উন্নত নেটওয়ার্ক কভারেজ বিদ্যমান রয়েছে। পরিচালনা পর্ষদের ৪৬০তম সভার (৩০.০৮.২০১৭ তারিখে অনুষ্ঠিত) সিদ্ধান্ত এবং গ্রামীণফোনের সার্ভিস সুবিধার আলোকে গ্রামীণফোনের Business Solutions Postpaid Pakckage 3 Corporate SIM ব্যবহার সংক্রান্ত নিম্নবর্ণিত নীতিমালা অনুমোদিত হয়:

(ক) দাপ্তরিক কাজে ব্যবহারের নিমিত্ত ব্যাংকের প্রধান কার্যালয়ের সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয়/ইউনিট/সেল প্রধান, সকল স্টাফ অফিসার ও চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনষ্টিটিউট, সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল জোনাল ব্যবস্থাপক, সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, জনসংযোগ কর্মকর্তা এবং সকল শাখা ব্যবস্থাপকের জন্য একটি করে গ্রামীণফোনের Business Solutions Postpaid Pakckage 3 Corporate SIM ব্যবহার করবেন;

(খ) সরবরাহকৃত Corporate SIM ব্যবহারের ব্যয় সংশ্লিষ্ট ব্যবহারকারী কর্মকর্তাগণ নিজস্ব তহবিল হতে নির্বাহ করবেন;

(গ) সার্বক্ষনিক যোগাযোগের স্বার্থে বরাদ্দকৃত Corporate SIM চালু রাখতে হবে;

(ঘ) Corporate SIM ব্যবহারকারী কর্মকর্তা বদলী/পিআরএল গমণকালে ব্যবহৃত Corporate SIM টি সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর কার্যালয়/শাখায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট হস্তান্তর করবেন;

(ঙ) শাখা ব্যবস্থাপকের জন্য বরাদ্দকৃত অফিসিয়াল মোবাইল নম্বরটি শাখার সাইনবোর্ডে প্রদর্শন করতে হবে।

(চ) বরাদ্দকৃত Corporate SIM নষ্ট/ হারিয়ে গেলে তা তাৎক্ষনিকভাবে প্রধান কার্যালয়ের সাধারণ সেবা বিভাগকে অবহিতকরণ পূর্বক পুনরায় নতুন SIM সংগ্রহ করতে হবে;

(ছ) অফিসিয়াল SIM টি সার্বক্ষনিক চালু রাখতে হবে। তবে কোন কারণে বন্ধ বা মোবাইল সুইচ অফ রাখতে হলে যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

(জ) SIM টির ক্রেডিট লিমিট ০ (শূন্য) থাকায় Postpaid হিসাবে ফ্লেক্সিলোড করে ব্যবহার করতে হবে। এক্ষেত্রে ফ্লেক্সিলোডের খরচ ব্যবহারকারী নিজে বহন করবেন।

চলমান পাতা-০২

(ঝ) SIM এর মাধ্যমে কোন বেআইনি কর্মকান্ড সংঘটিত হলে দায়-দায়িত্ব ব্যবহারকারীর উপর বর্তাবে।

(ঞ) SIM টিতে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর RAKUB মাস্কিং হতে প্রেরিত SMS অন্যতম অফিসিয়াল নোটিশ হিসেবে এবং উক্ত SMS ব্যবহারকারী কর্তৃক গৃহিত বলে গণ্য হবে।

(ট) অফিসিয়াল মোবাইল নম্বর ব্যাংকের ওয়েব সাইটে প্রদর্শিত হবে।

উল্লেখ্য যে, **নির্বাচিত** কর্মকর্তাগণের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য গ্রামীণেফোনের বরাদ্দকৃত Corporate SIM সংক্রান্ত কোন ব্যাখ্যার প্রয়োজন হলে সাধারণ সেবা বিভাগের সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হলো

১৯.০৯.২০১৭
(ইঞ্জিঃ মোঃ মফিজুল হক)
উপ-মহাব্যবস্থাপক

প্রকা/সাসেবি-৮/২০১৭-২০১৮/ তারিখ: ১৯.০৯.২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়রাজশাহী। ,প্রধান কার্যালয় ,রাকাব ,
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তররাজশাহী। ,প্রধান কার্যালয় ,রাকাব ,
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাবরংপুর।/রাজশাহী ,বিভাগীয় কার্যালয় ,
০৫। সকল উপ-মহাব্যবস্থাপকসচিব//বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। এ ব্যাংকের বিভিন্ন শাখা/কার্যালয়ে বরাদ্দকৃত গ্রামীণফোনের **Corporate SIM** এর নম্বরগুলো রাকাবের ওয়েব সাইটে প্রকাশের জন্য আইসিটি বিভাগকে অনুরোধ করা হলো।
০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইন্সটিটিউট, রাজশাহী।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
০৯। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
১০। সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
১১। ব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪। অফিস নথি/মহানথি।

১৯.০৯.২০১৭
(মো. রবিউল আলম)
সহকারী মহাব্যবস্থাপক